

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
বাজেট অধিশাখা

www.powerdivision.gov.bd

নং-২৭.০০.০০০০.০৯১.২০.০০৯.২০১৬. ২৯/৬

তারিখ-০৮/০৬/২০১৭ খ্রি:।

বিষয়ঃ মধ্যমেয়াদি বাজেট কাঠামোর আওতায় ২০১৭-১৮, ২০১৮-১৯ ও ২০১৯-২০ অর্থবছরের 'বাজেট ব্যবস্থাপনা কমিটির' সভার কার্যবিবরণী অনুমোদন এবং বিদ্যুৎ বিভাগের আওতাধীন বিভিন্ন দপ্তর/সংস্থা/কোম্পানির সাথে সচিব, বিদ্যুৎ বিভাগ-এর ২০১৭-১৮ অর্থবছরের সম্পাদিতব্য বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া অনুমোদন।

সভাপতি : ড. আহমদ কায়কাউস
সচিব, বিদ্যুৎ বিভাগ।

সভার তারিখ : ২৫/০৫/২০১৭ খ্রিস্টাব্দ,

সময় : বিকাল ৪.৩০ ঘটিকা।

সভায় উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকা পরিশিষ্ট 'ক'তে দেখানো হলো।

২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী উপস্থাপন করার জন্য যুগ্মপ্রধান-কে অনুরোধ জানান। যুগ্মপ্রধান অর্থ বিভাগের জারিকৃত বাজেট পরিপত্র-২ এর বিভিন্ন দিক তুলে ধরেন। ২০১৭-১৮ অর্থবছরে বিদ্যুৎ বিভাগের জন্য ১৮,৮৯৪.৪২ কোটি টাকা বাজেট বরাদ্দ পাওয়া গেছে এর মধ্যে অনুন্নয়ন বাজেট ৪৯.১৫ কোটি টাকা এবং উন্নয়ন বাজেট ১৮,৮৪৫.২৭ কোটি টাকা। শেখ হাসিনার উদ্যোগ, ঘরে ঘরে বিদ্যুৎ ব্রান্ডিং-এর জন্য ১০ কোটি এবং ইনোভেশনের জন্য ৫ কোটি টাকা সর্বমোট ১৫ কোটি টাকাসহ মোট অনুন্নয়ন বাজেটের ৪৯.১৫ কোটি টাকা অর্থ বিভাগ থেকে বরাদ্দ পাওয়া গেছে। উন্নয়ন বাজেটের মধ্যে জিওবি ৯,৫০০.০০ কোটি টাকা এবং পিএ ৯,৩৪৫.২৭ কোটি টাকাসহ উন্নয়নের জন্য অর্থ বিভাগ থেকে মোট বাজেট বরাদ্দ পাওয়া গেছে ১৮,৮৪৫.২৭ কোটি টাকা। ২০১৮-১৯ অর্থ বছরের জন্য অনুন্নয়ন ও উন্নয়নসহ ২০,৭৮৩.৮৬ কোটি টাকা এবং ২০১৯-২০ অর্থবছরের জন্য অনুন্নয়ন ও উন্নয়নসহ ২২,৮৬২.২৫ কোটি টাকার সিলিং পাওয়া গেছে। বিস্তারিত আলোচনার পর বিদ্যুৎ বিভাগের বিভিন্ন সংস্থার নিম্নরূপ সিলিং নির্ধারণ করা হয়ঃ

(কোটি টাকায়)

ক্রমিক	সংস্থা	২০১৭-১৮ অর্থবছরের ব্যয়সীমার সিলিং প্রস্তাব			২০১৮-১৯ অর্থবছরের	২০১৯-২০ অর্থবছরের
		জিওবি	পিএ	মোট	জন্ম প্রস্তাব	জন্ম প্রস্তাব
১	পিডিবি	১৪৭৮.১৩	১০১১.৭০	২৪৮৯.৮৩	৪২৩৫.৭২	৪৬৮৮.০৬
২	সিপিজিসিবিএল	৩২১.৩০	২০০০.০০	২৩২১.৩০	৪১৫৭.৭২	৪৫৮৪.৯০
৩	নওপাজোকো	৩৩০.০০	২২৫.০০	৫৫৫.০০	১১১১.০০	১২২২.০০
৪	ইজিসিবি	২৯৪.০১	৭৭.০০	৩৭১.০১	৩৯৬.০০	৪৩৫.০০
৫	এপিএসসিএল	২২.০০	২০০.০০	২২২.০০	৪১৮.০০	৪৫৯.০০
৬	পিজিসিবি	৭১৫.৩৫	১৮৮২.০০	২৫৯৭.৩৫	৩০৭৭.৩৬	৩৪০০.৯১
৭	ওজোপাডিকো	২৯৫.৫১	০	২৯৫.৫১	১৯৮.০০	২১৭.০০
৮	বিআরইবি	৫২০৫.৩১	২৬২৭.০০	৭৮৩২.৩১	৬১৯৩.৫০	৬৭৬০.৯১
৯	ডিপিডিসি	১৯২.৩৫	৯১৭.৫০	১১০৯.৮৫	৪৬২.০০	৫০৮.০০
১০	ডেসকো	১৪০.০০	৩৭০.০০	৫১০.০০	৩০৮.০০	৩৩৮.০০
১১	আরপিসিএল	৪০০.০০	০	৪০০.০০	১২৭.০০	১৩৯.০০
১২	স্টোডা	০.২৩	০.৩৪	০.৫৭	১২.০০	১৩.০০
১৩	বিদ্যুৎ বিভাগ	৫.৮১	৩৪.৭৩	৪০.৫৪	৩৩.৫০	৩৭.০০
১৪	থোক	১০০.০০	০	১০০.০০	০.০০	০.০০
	সর্বমোট=	৯৫০০.০০	৯৩৪৫.২৭	১৮৮৪৫.২৭	২০৭২৯.৮০	২২৮০২.৭৮

তবে, ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে ব্যয়সীমার বর্ণিত সিলিং-এর বাইরে ২,৬০০.০০ কোটি টাকা ইসিএ বরাদ্দ রয়েছে। এর পরিপ্রেক্ষিতে প্রকল্প সাহায্য খাতে ১১,৯৪৫.২৭ কোটি টাকাসহ মোট এডিপি বরাদ্দ দাঁড়িয়েছে ২১,৯৪৫.১৭ কোটি টাকা।

৪। ২০১৭-১৮ অর্থবছরে অনুময়ন বাজেটের জন্য মোট ৪৯.১৫ কোটি টাকা রাখা হয় এবং ২০১৮-১৯ অর্থবছরে ৫৪.০৬ কোটি টাকা এবং ২০১৯-২০ অর্থবছরের ৫৯.৪৭ কোটি টাকার সিলিং ধার্য করা হয়। বিস্তারিত আলোচনার পর বিদ্যুৎ বিভাগের বিভিন্ন সংস্থার নিম্নরূপ সিলিং নির্ধারণ করা হয়:

(কোটি টাকায়)

ক্রমিক	সংস্থা	২০১৭-১৮ অর্থবছরের ব্যয়সীমার প্রস্তাব	২০১৮-১৯ অর্থবছরের ব্যয়সীমার প্রস্তাব	২০১৯-২০ অর্থবছরের ব্যয়সীমার প্রস্তাব
১	সচিবালয়	৯.১৯	১০.৭০	১১.২৬
২	বৈদ্যুতিক উপদেষ্টা ও প্রধান বিদ্যুৎ পরিদর্শক	২.০৮	২.৩১	২.৫৪
৩	টেকসই নবায়নযোগ্য জ্বালানি নিরক্ষণ সেল (শ্রেডা)	৮.০০	৯.০০	১০.০০
৪	বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিল (বিপিইআরসি)	১৪.৪৪	১৬.০০	২০.০০
৫	জ্বালানি নিরীক্ষা সেল	০.৪২	০.৪৮	০.৫৩
৬	আন্তর্জাতিক তহবিল এর চাঁদা	০.০২	০.০২	০.০২
	মোট=	৩৪.১৫	৩৮.৫১	৪৪.৩৫
৭	ব্র্যান্ডিং ঘরে ঘরে বিদ্যুৎ + ইনোভেশন	১৫.০০	১৫.৫৫	১৫.১২
	সর্বমোট=	৪৯.১৫	৫৪.০৬	৫৯.৪৭

৫। আয় সম্পর্কে যুগ্মপ্রধান জানান ২০১৭-১৮ অর্থবছরের জন্য আয়ের লক্ষ্যমাত্রা ৩৩৪.৯০ কোটি টাকা, ২০১৮-১৯ অর্থবছরের জন্য ৩৭৫.০৯ কোটি টাকা এবং ২০১৯-২০ অর্থবছরের জন্য ৪২০.১০ কোটি টাকা আয়ের লক্ষ্যমাত্রা পাওয়া যায়। বিস্তারিত আলোচনার পর বিদ্যুৎ বিভাগের বিভিন্ন সংস্থার আয়ের নিম্নরূপ সিলিং নির্ধারণ করা হয়:

(কোটি টাকায়)

ক্রমিক নং	সংস্থার নাম	২০১৭-১৮ অর্থবছরের আয় সীমার প্রস্তাব	২০১৮-১৯ অর্থবছরের আয় সীমার প্রস্তাব	২০১৯-২০ অর্থবছরের আয় সীমার প্রস্তাব
১	সচিবালয়	৩১১.৯০	৩৪৯.৭৯	৩৯২.২৭
২	বৈদ্যুতিক উপদেষ্টা ও প্রধান বিদ্যুৎ পরিদর্শক	১৩.০০	১৪.৩০	১৫.৭৩
৩	বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড	১০.০০	১১.০০	১২.১০
	সর্বমোট=	৩৩৪.৯০	৩৭৫.০৯	৪২০.১০

৬। সভায় যুগ্মসচিব (সমন্বয়-৩) কর্তৃক বিদ্যুৎ বিভাগের আওতাধীন বিভিন্ন দপ্তর/সংস্থা/কোম্পানির সাথে সচিব, বিদ্যুৎ বিভাগ-এর ২০১৭-১৮ অর্থবছরের সম্পাদিতব্য বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া উপস্থাপন করা হয়। বিভিন্ন দপ্তর/সংস্থা/কোম্পানি কর্তৃক বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া প্রস্তুতপূর্বক বিদ্যুৎ বিভাগে প্রেরণ করা হলে বিদ্যুৎ বিভাগ থেকে কতিপয় দিকনির্দেশনা প্রদান করা হয়। উক্ত দিকনির্দেশনাসমূহ খসড়ায় অন্তর্ভুক্ত করে দপ্তর/সংস্থা/কোম্পানি কর্তৃক খসড়া পুনরায় বিদ্যুৎ বিভাগে প্রেরণ করা হয়। পরবর্তী সময়ে বিশেষজ্ঞ পুল উক্ত খসড়া পর্যালোচনাপূর্বক পর্যবেক্ষণ/সুপারিশ প্রদান করে। অতঃপর বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা টিম উক্ত পর্যবেক্ষণ/সুপারিশের ওপর পর্যালোচনা করে চূড়ান্ত খসড়া প্রণয়নপূর্বক বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন করে উক্ত খসড়া অনুমোদনের জন্য সুপারিশ করে। বিস্তারিত আলোচনার পর সভার সম্মানিত সদস্যবৃন্দ বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা টিম কর্তৃক বিদ্যুৎ বিভাগের দপ্তর/সংস্থা/কোম্পানিসমূহের ২০১৭-১৮ অর্থবছরের চূড়ান্তকৃত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া অনুমোদন করা যায় মর্মে ঐক্যমত পোষণ করেন (পতাকা-ক)।

৭। সভার বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

- ২০১৭-১৮, ২০১৮-১৯ ও ২০১৯-২০ অর্থবছরের সিলিং চূড়ান্ত করা হয়;
- সিলিং অনুযায়ী দপ্তর/সংস্থা/কোম্পানিসমূহ আইবাস++ এন্ট্রি প্রদান সম্পন্ন করতে হবে;
- বিদ্যুৎ বিভাগের দপ্তর/সংস্থা/কোম্পানিসমূহের ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া অনুমোদন করা হয়।

৮। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-

তারিখ-০৭/০৬/২০১৭


(ড. আহমদ কায়কাউস)

সচিব

বিদ্যুৎ বিভাগ।

কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও নবায়নযোগ্য জ্বালানি), বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ ভবন, ১০ম তলা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব (উন্নয়ন/প্রশাসন/সমন্বয়), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ ও জ্বালানি গবেষণা কাউন্সিল (ইপিআরসি), বিদ্যুৎ ভবন, ১০ম তলা বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সচিব, পরিকল্পনা বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা (সংশ্লিষ্ট কর্মকর্তাকে প্রেরণের অনুরোধসহ)।
- ৬। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৭। চেয়ারম্যান, টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা), বিদ্যুৎ বিভাগ।
- ৮। বৈদ্যুতিক উপদেষ্টা ও প্রধান বিদ্যুৎ পরিদর্শক, বৈদ্যুতিক উপদেষ্টার ও প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর, ঢাকা-১০০০।
- ৯। চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
- ১০। চেয়ারম্যান, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা।
- ১১। যুগ্মপ্রধান (পরিকল্পনা), বিদ্যুৎ বিভাগ ১, নবাব আব্দুল গণি রোড, বিদ্যুৎ ভবন, ১০ম তলা, ঢাকা।
- ১২। যুগ্মসচিব (সকল), বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৩। মহাপরিচালক, পাওয়ার সেল, ১, নবাব আব্দুল গণি রোড, বিদ্যুৎ ভবন, ৯ম তলা, ঢাকা।
- ১৪। ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি/ পিজিসিবি/ ইজিসিবি/ ডেসকো/ এপিএসসিএল/ আরপিসিএল/ নওপাজেকো/ নওজোপাডিকো/ ওজোপাডিকো/ কোল পাওয়ার কোম্পানি লিঃ, ঢাকা/ আশুগঞ্জ পাওয়ার কোম্পানি লিঃ, বি-বাড়ীয়া।
- ১৫। সিনিয়র সহকারী প্রধান (পরিকল্পনা-১), বিদ্যুৎ বিভাগ।
- ১৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।



(ইয়াসমিন বেগম)
উপসচিব (বাজেট)
ফোনঃ ৯৫১৩৫১০
dsbudget@pd.gov.bd

অনুলিপিঃ

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ।
- ২। প্রোগ্রামার, বিদ্যুৎ বিভাগ, পত্রটি দপ্তর/সংস্থায় ই-মেইল যোগে প্রেরণের অনুরোধ করা হলো।
- ৩। হিসাব রক্ষণ কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।
- ৪। যুগ্মসচিব (বাজেট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।